সংবাদ

23 OCT 2016

### চাটখিল পাঁচগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়

# ছাত্রী অপহরণের অভিযোগে ধর্মীয় শিক্ষক গ্রেফতার : জেলহাজতে প্রেরণ

প্রতিনিধি, চাটখিল (নোয়াখালী)

অষ্টম শ্রেণীর এক নারী শিক্ষার্থীকে (১৪) অপহরণ করে ধর্ষণের অভিযোগে চাটখিল পাঁচগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়ের ধর্মীয় শিক্ষক মাওলানা ওমর ফারুককে (৪২) বৃহস্পতিবার রাতে গ্রেফতার করেছে থানা পুলিশ। তিনি চাটখিল উপজেলার মোহাম্মদ গ্রামের মৃত ছিদ্দিক উল্যাহ ছেলে। এ ঘটনায় শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে তীব্র ক্ষোভ ও উত্তেজনার সৃষ্টি হয়েছে। গুরুতর আহত অবস্থায় ছাত্রীটি নোয়াখালী জেলা সদরের একটি হসপিটালে চিকিৎসাধীন রয়েছে। এ বিষয়ে বৃহস্পতিবার রাতে শিক্ষার্থীর মা বাদী হয়ে থানায় মামলা দায়ের করলে পুলিশ তাকে রাতে গ্রেফতার করে। গতকাল দুপুরে আদালতের মাধ্যমে তাকে জেলহাজতে প্রেরণ করা হয়। জানা যায়, চাটখিল পাঁচগাও সরকারি উচ্চ বিদ্যালয়ের ওই শিক্ষার্থী গত মঙ্গলবার পরীক্ষা দিয়ে বাড়ি ফেরার পথে বিদ্যালয়ের ধর্মীয় শিক্ষক মাওলানা ওমর ফারুক শিক্ষার্থীকে কৌশলে সিএনজিতে তুলে নেশাজাতীয় দ্রব্য দিয়ে অচেতন করে কুমিল্লার একটি আবাসিক হোটেলে নিয়ে যায়। সেখান থেকে গত বুধবার মেয়েটি কৌশলে পালিয়ে বাড়ি এসে অভিভাবকদের ঘটনাটি জানায়। বুধবার সন্ধ্যায় অভিভাবকরা ঘটনাটি চাটখিল থানার ওসিকে অবহিত করে একটি অভিযোগ দায়ের করলে মেয়েটিকে মেডিকেল পরীক্ষার জন্য নোয়াখালী জেনারেল হাসপাতালে প্রেরণ করে। বৃহস্পতিবার সকালে ওই শিক্ষক স্কুলে আসলে ছাত্রীটির উত্তেজিত অভিভাবকরা ও স্থানীয় জনতা বিদ্যালয়ে গিয়ে তাকে উত্তম-মধ্যম দিয়ে থানা পুলিশে সোপর্দ করে। পুলিশ দিনভর ওই শিক্ষককে আটকের বিষয়টি গোপন রেখে বৃহস্পতিবার রাতে মামলা নথিভুক্ত করে তাকে গ্রেফতার দেখিয়ে আদালতে প্রেরণ করে।